



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd



স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯২.০০১.২২-২৭৫

তারিখ : ২৭ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : চলতি ২০২২-২০২৩ অর্থবছরে “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড”-২০২৩ এবং যুব সংগঠনসমূহকে অনুদান প্রদানের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড”-২০২৩ এবং যুব সংগঠনকে প্রকল্পভিত্তিক অনুদানের প্রদান করা হবে। ইতোমধ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ এবং আবেদন প্রেরণের নির্দেশনা সম্বলিত পত্র প্রেরণসহ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে উল্লিখিত কার্যক্রম দুটো সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের তাঁর কার্যালয় হতে নির্দেশনা প্রদান করা প্রয়োজন। বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদনপত্র প্রেরণের সময়সীমা সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

ক. “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড”-২০২৩:

১. বিজ্ঞপ্তি প্রকাশ: বাংলাদেশ প্রতিদিন, প্রকাশের তারিখ : ০৪.১২.২০২২ খ্রি.

The Daily Observer, প্রকাশের তারিখঃ ০৫.১২.২০২২ খ্রি.

২. আবেদন প্রেরণের নির্ধারিত সময় :

(ক) আবেদন দাখিল : ০১.১২.২০২২ খ্রি. হতে ১৫.০১.২০২৩ খ্রি.

(খ) উপজেলা কমিটির ক্ষেত্রে : ১৬.০১.২০২৩ খ্রি. হতে ৩০.০১.২০২৩ খ্রি.

(গ) জেলা কমিটির ক্ষেত্রে : ৩১.০১.২০২৩ খ্রি. হতে ১৯.০২.২০২৩ খ্রি.

খ. যুব সংগঠনকে অনুদান প্রদান:

১. বিজ্ঞপ্তি প্রকাশ: বাংলাদেশ প্রতিদিন, প্রকাশের তারিখঃ ০৮.১২.২০২২ খ্রি.

দৈনিক যুগান্তর, প্রকাশের তারিখঃ ০৮.১২.২০২২ খ্রি.

২. আবেদন প্রেরণের নির্ধারিত সময় :

(ক) আবেদন দাখিল: ০১.১২.২০২২ খ্রি. হতে ১৫.০১.২০২৩ খ্রি.

(খ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার (মেট্রোপলিটন যুব ইউনিট থানা কর্মকর্তাসহ) ক্ষেত্রে:

১৬.০১.২০২৩ খ্রি. হতে ২৫.০১.২০২৩ খ্রি.


(গ) অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারের ক্ষেত্রে:

২৬.০১.২০২৩ খ্রি. হতে ০৫.০২.২০২৩ খ্রি.

(ঘ) জেলা কমিটি কর্তৃক মন্ত্রণালয়ে প্রেরণ: ০৬.০২.২০২৩ খ্রি. হতে ২০.০২.২০২৩ খ্রি.

২। এমতাবস্থায়, নিম্নোক্ত বিষয়গুলোর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড”-২০২৩ এবং যুব সংগঠনকে অনুদান প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান।
- মাঠ পর্যায়ে বহল প্রচারের ব্যবস্থাসহ পুরস্কার বিজ্ঞপ্তি এবং অনুদানের বিজ্ঞপ্তির শর্তাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক সকল জেলা ও উপজেলা (মেট্রোপলিটন যুব ইউনিট থানাসহ) থেকে যাতে অধিক সংখ্যক আবেদন পাওয়া যায় সে বিষয়ে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
- যুব সংগঠনকে অনুদান প্রদানের নিমিত্ত ইতঃপূর্বে প্রেরিত মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক উপজেলা ও জেলা পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে অনলাইনের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণে মাঠ পর্যায়ে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান।
- “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড”-২০২৩ প্রদান উপলক্ষে ইতঃপূর্বে প্রেরিত মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক উপজেলা ও জেলা পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে চাহিত তথ্যাদি বিনা ব্যর্থতায় আগামী ২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. তারিখ বিশেষ বাহক মারফত এ মন্ত্রণালয়ে প্রেরণে মাঠ পর্যায়ের সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান।


তারিখ: ১২/১২/২০২২
মোঃ রাবিউল ইসলাম
উপসচিব
ফোন : ২২৩৩৮৫১৮৬

মহাপরিচালক (গ্রেড-১)
যুব উন্নয়ন অধিদপ্তর

অনুলিপি, জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব (যুব-১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। অফিস কপি।